দৈনিক জনকণ্ঠ

MAR. 1 1 2002

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

কুমিল্লা শিক্ষা বোর্ডে মতবিনিময় সভা

# নকলমুক্ত পরিবেশে এসএসসি পরীক্ষা অনুষ্ঠানে চাই রাজনৈতিক অঙ্গীকার

**কুমিল্লা, ১০ মার্চ, নিজস্ব সংবাদদাতা ॥** নকলমুক্ত পরিবেশে আসন্ন এসএসসি পরীক্ষা অনুষ্ঠানে রাজনৈতিক নেতাদের হস্তক্ষেপ বন্ধ, শিক্ষক ও অভিভাবকদের যথাযথ ও স্বচ্ছভাবে প্রশাসনের দায়িত্ব পালনের ওপর বক্তারা গুরুত্ব আরোপ করেছেন। রবিবার কুমিল্লা শিক্ষা বোর্ডে সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে এসএসসি পরীক্ষা সম্পন্ন করার ব্যাপারে আয়োজিত এক মতবিনিময় সভায় বক্তারা এ গুরুত্ব আরোপ করেন।

মতবিনিময় সভায় বক্তরা বলেন, পরীক্ষা নকলমুক্ত করতে রাজনৈতিক আঙ্গীকারও বড় বিষয়। রাজনৈতিক অঙ্গীকার থাকলে পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠান করা সম্ভব। এ ছাড়া পরীক্ষাকেন্দ্রে রাজনৈতিক নেতাদের হস্তক্ষেপ বন্ধ করতে হবে বলে বক্তারা উল্লেখ করেন। এক বক্তা, পরীক্ষা নকলমুক্ত করতে জেলা প্রশাসক ও পুলিশ সুপারদের দায়িত্ব পালনে স্বচ্ছতার বিষয়টিও গুরুত্ব দিয়ে তুলে ধরেন। শিক্ষা বোর্ডের মিলনায়তনে অনুষ্ঠিত মতবিনিময় সভায় শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন প্রধান অতিথির বক্তব্য রাখেন। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মনিরুল হক চৌধুরী এমপি, ডা. সৈয়দ আবদুল্লাহ, মোঃ তাহের এমপি, কুমিল্লা জেলা প্রশাসক তারিক উল ইসলাম, ফেনীর জেলা প্রশাসক আ. ফ. ম. সোলায়মান চৌধুরী, চাঁদপুরে জেলা প্রশাসক আবু মোঃ মনিরুজ্জামান, সাংবাদিক শাহজাহান চৌধুরী, শামসুদ্দিন চৌধুরী সেলিম প্রমুখ। শিক্ষা প্রতিমন্ত্রী তাঁর বক্তব্যে বলেন, বর্তমান সরকার পরীক্ষা নকলমুক্ত করতে দৃঢ়প্রতিজ্ঞ।